# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 08-06-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উন্নত ভারত গড়ার লক্ষ্যে নারীশক্তির গুরুত্বপূর্ণ ভূমিকাগুলি আরও একবার তুলে ধরেছেন।

২) বেঙ্গালুরুতে বিকশিত কৃষি সংকল্প অভিযানে যোগ দিয়ে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান জানিয়েছেন, সহজেই উৎপাদিত ফল ও ফসল চাষের ওপর বিশেষ নজর দেওয়া অত্যন্ত জরুরী।

৩) রাজ্য বিধানসভার অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে।

৪) স্টাফ সিলেকশন কমিশন (SSC) আয়োজিত চাকরির নিয়োগ পরীক্ষার আবেদনের জন্য মোবাইল অ্যাপে নতুন পরিষেবা চালু হয়েছে।

৫) বাতাসে পর্যাপ্ত জলীয়বাষ্প না থাকার কারণে আগামী বুধবার পর্যন্ত দক্ষিণবঙ্গের জেলাগুলিতে শুষ্ক আবহাওয়া।

০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উন্নত ভারত গড়ার লক্ষ্যে নারীশক্তির গুরুত্বপূর্ণ ভূমিকাগুলি আরও একবার তুলে ধরেছেন। সেই সঙ্গে জানিয়েছেন, নারী জাতিকে সক্ষম করে তোলার পথে, গত ১১ বছর ধরে তাঁর সরকার, নানা উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহন করেছে। চলতি এন ডি এ সরকারের একাদশ বর্ষপূর্তি উপলক্ষে সামাজিক মাধ্যমের এক পোস্টে, শ্রী মোদী বিজ্ঞান, শিক্ষা , ক্রীড়া এবং সেনা বাহিনীতে মহিলাদের কর্মদক্ষতা ও উৎসাহব্যাঞ্জক ভূমিকার কথা উল্লেখ করেন।

০০০০০০০০০০০০০০০০

সেবা, সুশাসন ও গরিব কল্যাণ-এর মূলমন্ত্রে ভর করে গত এক দশকে ভারত চিহ্নিত হয়েছে এক ঐতিহাসিক রূপান্তরের সাক্ষী হিসেবে। আকাশবাণী সংবাদ তুলে ধরছে গত ১১ বছরে বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে সরকারের সাফল্য। আজকের প্রতিবেদন – *সহজ জীবনযাপন*, কীভাবে সরকারি পদক্ষেপ ও সংস্কার মধ্যবিত্ত ভারতবাসীর জীবনে এনেছে স্বাচ্ছন্দ্য, সুরক্ষা ও সম্মান। আমাদের প্রতিনিধি অভিজিৎ চক্রবর্তীর একটি প্রতিবেদন।

(ভয়েস ক্যাস্ট - Avijit Chakraborty)

এই সব উদ্যোগ মিলিয়ে তৈরি হয়েছে একটি আত্মবিশ্বাসী, সম্মানীয় ও সুবিধাভোগী মধ্যবিত্ত শ্রেণি—এক নতুন ভারতের চালিকাশক্তি।

০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান জানিয়েছেন, কৃষি ক্ষেত্রের বিকাশের জন্য সহজেই উৎপাদিত হতে পারে এমন ফল ও ফসল চাষের ওপর বিশেষ নজর দেওয়া অত্যন্ত জরুরী। বেঙ্গালুরুতে আজ বিকশিত কৃষি সংকল্প অভিযানে যোগ দিয়ে শ্রী চৌহান ড্রাগন ফ্রুট চাষের উপকারিতার ওপর আলোকপাত করেন। তিনি বলেন, ড্রাগন

ফ্রুট চাষের ক্ষেত্রে কোনরকম রাসায়নিক সারের প্রয়োজন পড়ে না। সামান্য জৈব সারাই এই চাষের জন্য যথেষ্ট। যার ফলে একে, জৈব ফসল হিসেবেও গণ্য করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০

বিকশিত কৃষি সংকল্প অভিযান নিয়ে আজ শুনবেন বিশেষ আলোচনা। এব্যাপারে বলেছেন নদীয়া কৃষি বিজ্ঞান কেন্দ্রের প্রধান ডক্টর মলয় সামন্ত। এখানে তুলে ধরা হয়েছে বিভিন্ন জেলার চিত্র। সঞ্চালনায় সুস্মিতা মণ্ডল। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত নয়টায় গীতাঞ্জলী ও ডিটিএইচ পরিষেবায়।

০০০০০০০০০০০০০০০০

বাল্য বিবাহ এবং কিশোরী মাতৃত্বের ক্ষেত্রে সঙ্গীণ অবস্থায় থাকা মুর্শিদাবাদ জেলায় এ বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে অভিনব উদ্যোগ নিয়েছে জেলার মেয়েরা। প্রথাগত সচেতনতা কর্মসূচীর বাইরে গিয়ে গতকাল ঈদুজ্জোহার দিন বিভিন্ন ঈদ ময়দান ও মসজিদে এ সংক্রান্ত পাঠ দিতে পৌঁছে যান কন্যারাই।

০০০০০০০০০০০০০০০০

‘বাল্য বিবাহ মুক্ত ভারত’ গঠনে সরকার প্রতিজ্ঞাবদ্ধ। এই নিয়ে স্পটলাইট-এ এবারের অনুষ্ঠান- **‘বাল্য বিবাহ মুক্ত ভারত’**।

এতে অংশ নিয়েছেন হাওড়া জেলার শিশু কল্যাণ সমিতি CWC-র চেয়ারপার্সন চন্দ্রিমা চক্রবর্তী। কথা বলেছেন কল্যাণ লাহা।

**অনুষ্ঠানটির** দ্বিতীয় তথা শেষ পর্ব শোনা যাবে আজ রাত সাড়ে আটটায়, সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ কলকাতা-র সোশ্যাল মিডিয়ায়।

০০০০০০০০০০০০০০০০

"আকাশবাণী"-র ৯০-তম প্রতিষ্ঠা বার্ষিকী আজ। **১৯৩৬** সালের আজকের দিনেই

Indian State Broadcasting Service –এর নাম পরিবর্তন করে All India Radio রাখা হয়।

স্বাধীনতার পর, AIR দ্রুত প্রসার লাভ করে। "আকাশবাণী" নামটি আসে ১৯৫৬ সালে। বর্তমানে, আকাশবাণী পরিচালিত ৫৯১-টি স্টেশন থেকে ২৩টি ভাষা ও ১৪৬টি উপভাষায় সম্প্রচারিত অনুষ্ঠান ভারতের ৯৮ শতাংশ জনগণের কাছে পৌঁছে যাচ্ছে।

oooooooooooooooo

রাজ্য বিধানসভার অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে। প্রথা মাফিক সদ্য প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের উদ্দেশে শোক প্রস্তাব পাঠের পর প্রথম দিনের অধিবেশন মুলতুবি হয়ে যাবে। আসন্ন এই অধিবেশনে অপারেশন সিন্দুরে ভারতীয় সেনা বাহিনীর কৃতিত্বের জন্য একটি প্রস্তাব আনা হবে। অধিবেশনের দ্বিতীয় দিনে আগামী মঙ্গলবার এই প্রস্তাব নিয়ে ২ ঘণ্টা আলোচনা হওয়ার কথা।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ওই আলোচনায় অংশ নিতে পারেন। সরকারী এই প্রস্তাবের ওপর আলোচনায় বিজেপিও অংশ নেবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

পরবর্তী দু-দিন প্রশ্নোত্তর পর্ব, জিরো আওয়ার, উল্লেখ পর্বের পাশাপাশি বিধানসভার বিভিন্ন স্থায়ী কমিটির রিপোর্ট নিয়ে আলোচনা হবে বলে বিধানসভার কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে স্থির হয়েছে। এছাড়াও এবারের সপ্তাহ দু-এক-এর অধিবেশনে বিধানসভায় পাশ হওয়া বিল সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার জন্য রাজ্যপালকে নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেওয়া সংক্রান্ত একটি প্রস্তাব আনা হতে পারে।

ooooooooooooooooo

বিভিন্ন দফতরের আওতাধীন নানা কমিটি সম্পর্কে রাজ্য সরকার পূর্ণাঙ্গ রিপোর্ট তলব করেছে। কোন কোন দফতরে কী কী কমিটি গঠন করা হয়েছে, সেই কমিটির সদস্য কারা, কতবার বৈঠক হয়েছে এবং কোনও রিপোর্ট জমা পড়েছে কি না— এই

সমস্ত যাবতীয় বিষয়ে জানতে চেয়েছে সরকার। বিস্তারিত তথ্য সহ পূর্ণাঙ্গ রিপোর্ট সংশ্লিষ্ট দফতরগুলিকে আগামী সপ্তাহের মধ্যেই জমা দিতে বলা হয়েছে।

উল্লেখ্য, বিভিন্ন মামলায় সুপ্রিম কোর্ট বা হাইকোর্টের নির্দেশে রাজ্য সরকারের অধীনে স্বাস্থ্য পরিকাঠামো, নারী ও শিশু সুরক্ষা, পথ সুরক্ষা সহ একাধিক কমিটি গঠিত হয়েছে। এসব কমিটি নিয়মমাফিক কাজ করছে কি না তা জানতেই এই উদ্যোগ বলে মনে করা হচ্ছে।

oooooooooooooooo

স্টাফ সিলেকশন কমিশন (SSC) আয়োজিত চাকরির নিয়োগ পরীক্ষার আবেদনের জন্য মোবাইল অ্যাপে নতুন পরিষেবা চালু হয়েছে। চাকরিপ্রার্থীরা এবার দেশের যেকোনো জায়গা থেকেই mySSC নামক অ্যাপের মাধ্যমে কেন্দ্রীয় সরকারি চাকরির পরীক্ষার জন্য সরাসরি আবেদন করতে পারবেন বলে সংবাদসংস্থা পিটিআই সূত্রে খবর। এসএসসি-র তরফে একটি বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, সমগ্র আবেদন প্রক্রিয়া আরও স্বচ্ছ ও সুরক্ষিত ভাবে সম্পন্ন করতে অ্যাপের মাধ্যমেই আধার যাচাইকরণের ব্যবস্থা থাকছে।

oooooooooooooooo

ন্যাশনাল টেস্টিং এজেন্সি- এনটিএ ইউজিসি নেট পরীক্ষার নির্ঘণ্ট ঘোষণা করেছে। আগামী ২৫ থেকে ২৯ জুনের মধ্যেই নেওয়া হবে পরীক্ষা। প্রতিদিন দু'টি অর্ধে পরীক্ষার আয়োজন করা হবে। প্রথমার্ধের পরীক্ষা চলবে সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। দ্বিতীয়ার্ধের পরীক্ষার সময় দুপুর ৩টে থেকে সন্ধে ৬টা পর্যন্ত। পরীক্ষার বিস্তারিত সূচী ugcnet.nta.ac.in - এই ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে। পরীক্ষার্থীরা ০১১ ৪০৭৫ ৯০০০ নম্বরে ফোন করে অথবা ugcnet@nta.ac.in -এ ই-মেল করে প্রয়োজনীয় তথ্য জানতে পারবেন।

oooooooooooooooo

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, ২০১৯ সালে সন্দেশখালিতে তিন বিজেপি কর্মী খুনের ঘটনায় দোষীরা খুব শীঘ্র সাজা পাবে।

উত্তর ২৪ পরগনার সন্দেশখালির কানমারি ভারত সেবাশ্রম সংঘের মাঠে আজ মৃত দলীয় কর্মীদের শ্রদ্ধাঞ্জলি সভায় যোগ দিয়ে শ্রী অধিকারী এই ঘটনায় দোষীদের ফাঁসির দাবি জানান। শেখ শাজাহানও উপযুক্ত শাস্তি পাবে বলে মন্তব্য করেন তিনি।

রাজ্যে সন্ত্রাসের মোকাবিলায় সকলকে ঐক্যবদ্ধ হওয়ারও আবেদন জানিয়েছেন শ্রী অধিকারী।

(বাইট – অধিকারী)

০০০০০০০০০০০০০০০০

বাতাসে পর্যাপ্ত জলীয়বাষ্প না থাকার কারণে আগামী বুধবার ১১ তারিখ পর্যন্ত দক্ষিণবঙ্গের জেলাগুলিতে শুষ্ক আবহাওয়া বজায় থাকবে।  আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত আকাশবাণীকে বলেন,  দক্ষিণবঙ্গে কবে বর্ষা ঢুকবে, তা ১২ তারিখ বৃহস্পতিবারের আগে জানানো সম্ভব নয়।

(বাইট – সোমনাথ)

০০০০০০০০০০০০০০০০

মধ্য কলকাতার বৌ-বাজার থানা এলাকার শ্রীনাথ দাশ লেনে আজ একটি ৩ তলার পুরনো বাড়ির পিছনের অংশ ভেঙে পড়লে এক মিস্ত্রির মৃত্যু হয়েছে। জানা গেছে বাড়ির পেছনের দিকে সারাই-এর জন্য পাঁচ মিস্ত্রি কাজ করছিলেন, তখনই এই বিপত্তি বাধে। পুলিশ দমকল ও বিপর্যয় মোকাবিলা বাহিনী ঘটনাস্থলে গিয়ে চারজনকে উদ্ধার করলেও বছর ৪০-এর আশুতোষ অধিকারীর হাসপাতালে মৃত্যু হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

কাঞ্চনজঙ্ঘা অভিযানে গিয়ে অসুস্থ হয়ে পড়ায় সামিটের কাছ থেকেই ফিরে আসতে হয়েছে পর্বতারোহী পিয়ালী বসাককে। বিশ্বের তৃতীয় বৃহত্তম শৃঙ্গ জয় করার

লক্ষে পিয়ালী গত মাসে কলকাতা থেকে রওনা হন। কিন্তু হঠাৎ-ই অসুস্থ হয়ে পড়ায় ক্যাম্প ফোর থেকে ফিরে আসতে বাধ্য হন তিনি।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo